কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 13 MAY 2026 ,WEDNESDAY | ১৩ মে ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-160


## প্রাণী সম্পদ বিকাশ বিভাগে মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন দিলীপ ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১২ মে :** মঙ্গলবার সল্টলেকে প্রাণী সম্পদ বিকাশ বিভাগে মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন মাননীয় দিলীপ ঘোষ। এদিন দায়িত্ব গ্রহণের পর বিভাগে কর্মরত আমলা, আধিকারিক এবং কর্মীদের সঙ্গে গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেন মন্ত্রী দিলীপ ঘোষ। পশ্চিমবঙ্গে প্রাণী সম্পদ বিভাগ অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিভাগ । সব ধরণের পশু পালনই এই প্রাণী সম্পদ বিভাগের আওতার মধ্যেই পড়ে। গ্রাম বাংলার বহু মানুষের রুটি রুজি এবং উন্নয়নের গুরু দায়িত্ব রয়েছে এই বিভাগের উপর । এই গুরুত্বপূর্ণ দপ্তরের মন্ত্রী হয়ে প্রথম দিনেই দপ্তরের কর্মীদের মন জয় করলেন দিলীপ ঘোষ। কৃষকদের মতে দিলীপ ঘোষ মাটির মানুষ, তিনি নিজে গ্রামের বাংলার মানুষের সমস্যা সম্পর্কে অনেক কিছু জানেন, দিলীপ ঘোষ কে প্রাণী সম্পদ বিভাগের দায়িত্ব দেওয়ার গ্রাম বাংলার আনন্দের দিন ফিরছে বলায় বাহুল্য।

## রাজ্যে পালা বদলের সাথে সাথে শুরু দীর্ঘদিন ধরে বন্ধ থাকা সেতুর কাজ



**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ মে :** রাজ্যে পালা বদলের সাথে সাথে শুরু হলো আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের পশ্চিম কাঠালবাড়ি গ্রামে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা একটি সেতুর কাজ। জানা গেছে আলিপুরদুয়ার জেলা পরিষদের চল্লিশ লক্ষ টাকা আর্থিক আনুকুল্যে কয়েকমাস আগে সেতুটির কাজ শুরু হয়ে প্রশাসনিক জটিলতায় বন্ধ হয়ে যায়। আলিপুরদুয়ার ও কোচবিহার এর মধ্যে সংযোগকারী রাস্তায় পুরনো সেতুটি ভেঙ্গে দেওয়া হয়। অপরদিকে নতুন সেতুর কাজ বন্ধ হয়ে যাওয়ায় যাতায়াতের সমস্যায় পড়েন এলাকার মানুষজন। মঙ্গলবার এক্সক্যাভেটর, জেসিবি এনে শুরু হয়েছে ডাইভার্সান শুরুর কাজ। জানা গেছে সেতুর কাজও শুরু হয়েছে। গ্রাম পঞ্চায়েত প্রধান সুপর্না বর্মন জানান সেতুটি নির্মান হলে এলাকার মানুষের দীর্ঘদিনের যাতায়াতের সমস্যা মিটবে। সেতু নির্মানের কাজ দীর্ঘদিন বাদে শুরু হওয়ায় খুশী বাসিন্দারা।

## তপসিয়ার অগ্নিকান্ডে আহতদের শারীরিক অবস্থার খোঁজ নিতে ন্যাশনাল মেডিক্যাল কলেজে গেলেন পুর নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,১২ মে :** তপসিয়ার এক বহুতলে অগ্নিকান্ডে আহতদের শারীরিক অবস্থার খোঁজ নিতে ন্যাশনাল মেডিক্যাল কলেজে গেলেন "পুর নগরোন্নয়ন" মন্ত্রী অগ্নিমিত্রা পাল । এদিন মন্ত্রী অগ্নিমিত্রা পাল আহতদের দেখার পর সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে আগের সরকারের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করেন, তিনি জানান চামড়ার কারখানা ,কোনো ট্রেড লাইসেন্স নেই ,কোনো এনোসি নেই। আগের সরকারের সময় টেবিলের তলায় কয়েক হাজার কয়েক লাখ টাকা দিলেই কাজ হয়ে যেত ,সেই জন্যে আজ এই অবস্থা। মাঝখান থেকে ক্ষতি হচ্ছে খেতে খাওয়া মানুষ গুলোর। এদিনের ঘটনায় দুজন মারা গেছে আর তিন জন গুরুতর আহত অবস্থায় চিকিৎসাধীন। এদিন মন্ত্রী এও বলেন আহতদের যাতে ভালো করে চিকিৎসা করা হয় সে বিষয়ে তিনি নিজে ডাক্তারের সাথে কথা বলেছেন। অগ্নিমিত্রা পাল এও বলেন এবার থেকে দুর্নীতি আর হত্যাকারী কেউ আর ছাড় পাবে না ।জানা গিয়েছে, মঙ্গলবার দুপুরে তপসিয়ার ৫০/১ জিজে খান রোডের ঠিকানায় এক বহুতলের দোতলায় এক চামড়ার কারখানায় আগুন লাগে।আগুনে আটকে পড়েন পাঁচ জন। সকলেই ওখানে কাজ করছিলেন। সকলকে অগ্নিদগ্ধ অবস্থায় উদ্ধার করে ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজে পাঠানো হয়। চিকিৎসকেরা পরীক্ষা করে দু'জনকে মৃত ঘোষণা করেন। তিন গুরুতর অবস্থায় চিকিৎসাধীন।

## আন্তর্জাতিক নার্স দিবসে রাষ্ট্রপতির হাত থেকে ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার নিলেন গীতা কর্মকার



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,১২ মে :** মঙ্গলবার ছিলো আন্তর্জাতিক নার্স দিবস। এদিন দিল্লীতে রাষ্ট্রপতি ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু র হাত থেকে ফ্লোরেন্স নাইটিঙ্গেল পুরস্কার নিলেন জলপাইগুড়ি জেলার বেলাকোবা গ্রামীন হাসপাতালে কর্মরত নার্স গীতা কর্মকার। জানা গেছে গীতাদেবী চল্লিশ বছর ধরে এই পেশায় রয়েছেন।তার কাজের প্রতি নিষ্ঠাকে সম্মান জানিয়েই এই পুরস্কার প্রদান করা হয়। এটি অত্যন্ত গৌরবময় পুরস্কার। গীতা দেবীর এই পুরস্কার প্রাপ্তিতে সমগ্র জেলাবাসী গৌরবান্বিত।

# ধূপগুড়িতে ভয়াবহ পথ দুর্ঘটনা , ডাম্পারের ধাক্কায় একজনের প্রাণগেলো , আশঙ্কাজনক আরও এক



**সুমিত কান্তি সরকার ,এই যুগ ,ধূপগুড়ি, ১২ মে :** মঙ্গলবার ধূপগুড়ির হরিমন্দির পাড়া সংলগ্ন এলাকায় এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় প্রাণ হারালেন এক ব্যক্তি। এই ঘটনায় আরও একজন গুরুতর আহত হয়ে ধূপগুড়ি মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। প্রত্যক্ষদর্শীদের মতে, দুই ব্যক্তি পৃথক দুটি মোটরসাইকেলে করে ধূপগুড়ি বাজারের দিকে যাচ্ছিলেন। পথে একটি গাড়ি ওভারটেক করার সময় দুই বাইকের হ্যান্ডেলে ধাক্কা লেগে চালকরা রাস্তার ওপর ছিটকে পড়েন।ঠিক সেই মুহূর্তেই পেছন থেকে আসা একটি দ্রুতগামী ডাম্পার একজনের ওপর দিয়ে চলে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। স্থানীয় বাসিন্দা ধীরেন রায় এবং সুভাষ মন্ডল জানান, দুর্ঘটনায় কবলিত বাইক দুটির একটিতে ছাগল বোঝাই করা ছিল। ঘাতক ডাম্পারটি দ্রুত গতিতে থাকার কারণেই এই বিপত্তি ঘটেছে বলে অভিযোগ।খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ধূপগুড়ি থানার পুলিশ। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে এবং আহত ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের নাম এবং পরিচয় জানা যায়নি।

# কোচবিহার জেলা ট্রাফিক পুলিশের উদ্যোগে বিশেষ অভিযান





**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,১২ মে :** ২০২৬ বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষণার পর বেআইনি গাড়ি চালকদের বিরুদ্ধে জেলা ট্রাফিক পুলিশের অভিযানে বেশ তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। বর্তমানে অনেক জানবাহনে দেখা যাচ্ছে নিয়ম বহির্ভূতভাবে শক্তিশালী LED ও ফ্ল্যাশিং লাইট ব্যবহার করা হচ্ছে, যা বিপরীত দিক থেকে আসা চালকদের দৃষ্টিশক্তিতে মারাত্মক সমস্যা সৃষ্টি করে। এর ফলে রাতের বেলায় দুর্ঘটনার আশঙ্কা বহুগুণ বৃদ্ধি পাচ্ছে এবং সাধারণ মানুষকে চরম অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে।ট্রাফিক আইন অনুযায়ী অনুমোদনহীন বাহ্যিক LED আলো ব্যবহার সম্পূর্ণ বেআইনি ও দণ্ডনীয় অপরাধ। সাধারণ মানুষের যাতায়াত নিশ্চিত, নিরাপদ ও নির্বিঘ্ন করতে কোচবিহার জেলা ট্রাফিক পুলিশ আজ সমগ্র জেলা জুড়ে বেআইনি গাড়ি চলাচল এবং গাড়িতে বাইরে থেকে লাগানো শক্তিশালী LED ও ফ্ল্যাশ লাইটের বিরুদ্ধে বিভিন্ন রাস্তায় বিশেষ অভিযান চালায় ।ডিএসপি ট্রাফিকের নেতৃত্বে জেলার বিভিন্ন ট্রাফিক গার্ডের ওসি, ট্রাফিক ইন্সপেক্টর এবং ট্রাফিক কর্মীরা এই অভিযানে অংশগ্রহণ করেন। কোচবিহার জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে সকল যানবাহন চালকদের উদ্দেশ্যে আইন মেনে চলার , বেআইনি আলো ব্যবহার বন্ধ করার এবং নিরাপদ সড়ক গঠনে প্রশাসনকে সহযোগিতা করার জন্য বিশেষ ভাবে আবেদন জানানো হয় । দুর্ঘটনা প্রতিরোধের উদ্দেশ্যে ভবিষ্যতেও এই ধরনের অভিযান ধারাবাহিকভাবে চালানো হবে বলেও পুলিশের পক্ষ থেকে ঘোষণা করা হয় ।

# ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত দুইজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ মে :** খগেনহাটে ভয়াবহ পথ দুর্ঘটনা, প্রাণ গেল দুই যুবকের — আহত আরও এক। ফালাকাটা ব্লকের খগেনহাট এলাকায় মঙ্গলবার এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় মৃত্যু হল দুই যুবকের। মৃতদের নাম শুভ দাস ও নকুল রায়। ঘটনায় গুরুতর আহত হয়েছেন মনি রায়। এই দুর্ঘটনাকে ঘিরে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।একটি স্কুটিতে করে অন্যত্র যাচ্ছিলেন তিনজন। সেই সময় খগেনহাট এলাকার প্রবেশ পথ সংলগ্ন ঘুমতি এলাকায় পৌঁছাতেই নিয়ন্ত্রণ হারিয়ে স্কুটিটি রাস্তার ধারে একটি গাছে সজোরে ধাক্কা মারে।দুর্ঘটনার অভিঘাত এতটাই ভয়াবহ ছিল যে ঘটনাস্থলেই গুরুতর জখম হন তিনজন। স্থানীয় বাসিন্দারা দ্রুত তাঁদের উদ্ধার করে বীরপাড়া রাজ্য সাধারণ হাসপাতালে পাঠান। তবে চিকিৎসকরা শুভ দাস ও নকুল রায়কে মৃত বলে ঘোষণা করেন। আহত মনি রায়ের চিকিৎসা চলছে বলে জানা গিয়েছে।

# আলিপুরদুয়ার জংশনে রেলের জমিতে অবৈধ দখল ,এবার কড়া পদক্ষেপের পথে রেল প্রশাসন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ মে :** আলিপুরদুয়ার জংশন এলাকায় রেলের জমিতে দীর্ঘদিন ধরে অবৈধভাবে বসবাসের অভিযোগকে কেন্দ্র করে এবার কড়া পদক্ষেপের পথে রেল প্রশাসন। মঙ্গলবার রেলের পক্ষ থেকে সংশ্লিষ্ট এলাকায় মাইকিং করে জানানো হয়, অবৈধভাবে বসবাসকারী ও দখলদারদের আগামী সাত দিনের মধ্যে জায়গা খালি করতে হবে।রেল সূত্রে খবর, নির্ধারিত সময়ের মধ্যে জমি খালি না করা হলে এরপর আইন মেনে উচ্ছেদ অভিযান চালানো হবে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, রেলের জমি দখলমুক্ত করতে প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা নেওয়া হবে।এদিন সকাল থেকেই এলাকায় রেল কর্তৃপক্ষের মাইকিং ঘিরে চাঞ্চল্য ছড়ায়। বহু বাসিন্দা আতঙ্কিত হয়ে পড়েন। স্থানীয়দের একাংশের দাবি, দীর্ঘদিন ধরেই তাঁরা সেখানে বসবাস করছেন। তবে রেল প্রশাসনের বক্তব্য, সরকারি জমি অবৈধভাবে দখল করে থাকা যাবে না এবং আগাম সতর্ক করেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে।রেল প্রশাসন আরও জানিয়েছে, পরিস্থিতির উপর নজর রাখা হচ্ছে। নির্দিষ্ট সময়সীমা শেষ হওয়ার পর প্রয়োজন হলে পুলিশ ও প্রশাসনের সহযোগিতায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

# অবৈধভাবে নদী থেকে বালি তোলার অভিযোগে গ্রেপ্তার এক ব্যক্তি



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,১২ মে :** কোচবিহার জেলা পুলিশের তুফানগঞ্জ থানার পুলিশ মঙ্গলবার দুপুরে গোপন সুত্রে খবর পায় চিলাখানা এক নম্বর গ্রাম পঞ্চায়েতের শ্মশানঘাট এলাকায় কালজানী নদীতে দুটি পাম্পিং মেশিন বসিয়ে নদী থেকে অবৈধভাবে বালি তোলা হচ্ছে। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছায় ও পাম্পিং মেশিন দুটি বাজেয়াপ্ত করে। গ্রেপ্তার করা হয় পাম্পিং মেশিন এর মালিককে। ধৃতের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে পুলিশ। পুলিশ সূত্রে জানানো হয়েছে এধরনের অবৈধ কার্যকলাপ প্রতিরোধে নিয়মিত অভিযান চালানো হবে।

# আর্মি ক্যাম্প থেকে চুরি যাওয়া মোটরসাইকেল উদ্ধার ,অভিযুক্ত জেলে থাকা ব্যক্তি পুলিশ হেফাজতে




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,১২ মে :** শিলিগুড়ি সেভক রোডের আর্মি ক্যাম্প থেকে চুরি যাওয়া একটি মোটর সাইকেল উদ্ধার করলো শিলিগুড়ি থানার পুলিশ। জানা গেছে গত ফেব্রুয়ারী মাসে আর্মি ক্যাম্পাস থেকে মোটর সাইকেলটি চুরি যায়। অভিযোগ পেয়ে পুলিশ ঘটনার তদন্তে নেমে জানতে পারে এই চুরি কান্ডে রাকেশ মিস্ত্রি নামে এক ব্যক্তি জড়িত। পুলিশ আরও জানতে পারে অভিযুক্ত ব্যক্তি অন্য একটি মামলায় জলপাইগুড়ি জেলে আছে। পুলিশ জলপাইগুড়ি জেলা আদালতে আবেদন জানিয়ে অভিযুক্ত রাকেশকে নিজেদের হেফাজতে নেয়। পুলিশের জিজ্ঞাসাবাদে রাকেশ চুরির কথা স্বীকার করে। উল্লেখ্য রাকেশ খোলাচাঁদ পাপড়ি এলাকার বাসিন্দা। রাকেশের দেওয়া জবানবন্দী অনুসারে পুলিশ পাপড়ির জঙ্গল থেকে মোটরসাইকেলটি উদ্ধার করে। রাকেশকে মঙ্গলবার পুলিশ জলপাইগুড়ি জেলা আদালতে পেশ করে। ঘটনার তদন্তে পুলিশ।

# অসমের মুখ্যমন্ত্রীর শপথ ,সকাল থেকেই বন্ধ দূরপাল্লার গাড়ি



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১২ মে :** সকাল থেকেই ৩১ নম্বর জাতীয় সড়কে দাঁড়িয়ে রয়েছে দূরপাল্লার গাড়ি। অসমে মুখ্যমন্ত্রী শপথ গ্রহণ করবেন আর এর ফলেই মঙ্গলবার সকাল ছয়টা থেকে ৩১ নম্বর জাতীয় সড়কে আসামের দিকে যাওয়া গাড়িগুলোকে আটকে দেওয়া হয়েছে। কয়েক হাজার গাড়ি জাতীয় সড়কে দাঁড়িয়ে রয়েছে সকাল থেকেই। রাত পৌনে আটটা নাগাদ পুলিশ গাড়ি গুলিকে ছাড়ার পরেই আসামের উদ্দেশ্যে রওনা দেয় গাড়িগুলি।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |